# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ইসলামী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২৮ সেপ্টেম্বর ২০২৫
তারিখ: ------------------
১৩ আশ্বিন ১৪৩২

আইবিআরপিডি সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ব্যাংক-কোম্পানীর Shariah Supervisory Committee (SSC) এর গঠন, সদস্য নিয়োগ-অপসারণ ও দায়িত্ব-কর্তব্য সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০৯ নভেম্বর ২০০৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নম্বর ১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের সেকশন-৩ এ কোন ব্যাংক-কোম্পানীর আমানত ও বিনিয়োগ সুবিধাসমূহ (products) সহ অন্যান্য কার্যক্রম শরীয়াহ্ সম্মত কি-না তা নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের উপর অর্পণ করা হয়। পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংক এবং যে সকল প্রচলিত বাণিজ্যিক ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা রয়েছে, সে সকল ব্যাংকের পরিচালকগণের শরীয়াহ্ ও ইসলামী ব্যাংকিং সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ শরীয়াহ্ সম্পর্কে যথাযথ জ্ঞানসম্পন্ন, দক্ষ, ইসলামী আইনশাস্ত্রে অভিজ্ঞ ও নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে একটি Independent Shariah Supervisory Committee (SSC) গঠন করতে পারে, যার প্রধান কাজ ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় শরীয়াহ্ নীতি প্রণয়ন করা, শরীয়াহ্ পরিপালন পর্যালোচনা করা ইত্যাদি।

৩। বর্ণিত সার্কুলারে ব্যাংক-কোম্পানীকে SSC গঠনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হলেও SSC'র গঠন, সদস্য নিয়োগ-অপসারণ এবং দায়িত্ব-কর্তব্যসহ এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়নি। তাছাড়া, SSC'র সদস্য সংখ্যা, সদস্যদের সম্মানী/ভাতা, মেয়াদ, দায়িত্ব-কর্তব্য ইত্যাদি বিষয়ে স্পষ্টীকরণ করা হয়নি। সার্বিক অবস্থা বিবেচনায়, পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংক এবং যে সকল প্রচলিত বাণিজ্যিক ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা এবং/অথবা উইন্ডো রয়েছে সে সকল ব্যাংক-কোম্পানীর বিদ্যমান SSC'র সদস্য নিয়োগ বা পুনঃনিয়োগের জন্য যোগ্যতা ও উপযুক্ততা, গঠন, সদস্য সংখ্যা, মেয়াদ, সম্মানী, অপসারণ, পদত্যাগ, চেয়ারম্যান ও সচিব নির্বাচন, শরীয়াহ্ সচিবালয় গঠন, দায়িত্ব ও কর্তব্য, সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ও কার্যবিবরণী প্রস্তুত, শরীয়াহ্ সংক্রান্ত প্রতিবেদন ও বার্ষিক শরীয়াহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন প্রণয়ন, সদস্যদের কর্মদক্ষতা মূল্যায়ন এবং ব্যাংকের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদির গোপনীয়তা সংরক্ষণ সম্পর্কিত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

৪। **SSC'র সদস্য নিয়োগ বা পুনঃনিয়োগের জন্য যোগ্যতা ও উপযুক্ততা:**

SSC'র সদস্য নিয়োগের সময় সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ/বিদেশী ব্যাংকসমূহের ক্ষেত্রে স্থানীয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এদেশের শরীয়াহ্ স্কলারদের সমন্বয়ে স্বাধীন ও নিরপেক্ষ SSC গঠনের অনুমোদন প্রদান করবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত উপযুক্ততা এবং যথাযথ মানদণ্ড বিবেচনা করা আবশ্যক। SSC'র গঠনের যে কোন ত্রুটি/অনিয়মের জন্য সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ দায়ী থাকবে। SSC'র সকল সদস্যদের practicing মুসলিম হওয়া বাঞ্ছনীয়। SSC'র সদস্য নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত যোগ্যতা ও উপযুক্ততা অনুসরণ করতে হবে:

**(৪.১) শিক্ষাগত যোগ্যতা:**

ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে কামিল, দাওরা-ই-হাদিস (তাকমিল), ফিক্হ, ইসলামী স্টাডিজ, আরবি, ইসলামী অর্থনীতি, ইসলামী ফাইন্যান্স, ইসলামী ব্যাংকিং অথবা ইসলামী আইনশাস্ত্র বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ফিক্হ বা

উসুল আল-ফিক্হ, বিশেষ করে ফিক্হ-আল-মুয়ামালাতে (ইসলামী বাণিজ্যিক আইনশাস্ত্র) সার্টিফিকেট/ডিপ্লোমা/অন্য কোন উচ্চতর ডিগ্রি বা ইফতা ডিগ্রীধারী হতে হবে;

খ. শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণী থাকতে পারবে না। এছাড়া, জাতীয়/আর্ন্তজাতিকভাবে স্বীকৃত ও স্বনামধন্য কোন প্রতিষ্ঠান থেকে উপরোক্ত বিষয়ে পিএইচডি বা অন্য কোন উচ্চতর ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**(৪.২) অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা:**

SSC'র সদস্য নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত মানদণ্ডের যে কোন একটি পূরণ করতে হবে:

ক. যে কোন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়/বোর্ড এর দারুল-ইফতা বা দাওরা-ই-হাদিস (তাকমিল), ইসলামী স্টাডিজ, আরবি, ইসলামী অর্থনীতি, ইসলামী ফাইন্যান্স, ইসলামী ব্যাংকিং, ইসলামী আইন বা যে কোন শরীয়াহ্ বিভাগের শিক্ষক বা মুফতি হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

খ. কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ফতোয়া বোর্ড বা শরীয়াহ্ সুপারভাইজরি কমিটির সদস্য হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে ; এবং

গ. কোন স্বনামধন্য ও স্বীকৃত জার্নালে উল্লিখিত ক্ষেত্রে তাঁর নিজস্ব অধ্যয়নের উপর ০২ (দুই)টি নিবন্ধ প্রকাশ করা বা ইসলামী ফাইন্যান্স ও ইসলামী ব্যাংকিং/অর্থনীতি বা ইসলামী আইনশাস্ত্রের উপর দুটি স্বলিখিত বই বা প্রকাশনা থাকতে হবে।

**(৪.৩) উপযুক্ততা:**

SSC'র সদস্য নিয়োগের সময়ে লিখিতভাবে ঘোষণা (পরিশিষ্ট-ক) করবেন যে-

ক. তিনি কোন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত নন কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন না বা জড়িত নন এবং কোন প্রকার নৈতিক স্খলনে জড়িত নন;

খ. তিনি নিয়ন্ত্রক সংস্থার কোন আদেশ, উপদেশ বা নির্দেশনা (যা শরীয়াহ্ এর সাথে সাংঘর্ষিক নয়) লঙ্ঘন করেননি;

গ. তিনি ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অধীনে প্রতিষ্ঠিত কোন ব্যাংক, ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩ এর অধীনে প্রতিষ্ঠিত কোন আর্থিক প্রতিষ্ঠান বা বীমা কোম্পানী অথবা উক্তরূপ কোম্পানীসমূহের নিয়ন্ত্রিত কোন প্রতিষ্ঠানের পরিচালক নন বা উক্ত প্রতিষ্ঠানসমূহের কোন লাভজনক পদে নিযুক্ত নন;

ঘ. সংশ্লিষ্ট ব্যাংকে তাঁর কোন ব্যবসায়িক স্বার্থ জড়িত নেই ও সংশ্লিষ্ট ব্যাংকের কোন পরিচালকের মালিকানাধীন বা স্বার্থ সংশ্লিষ্ট বা নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের সাথে তাঁর কোন সংশ্লিষ্টতা নেই এবং উক্ত ব্যাংক বা কোম্পানীসমূহের পরিচালনা পর্ষদে তাঁর পরিবারের কোন সদস্য অন্তর্ভূক্ত নেই। তাছাড়া, সংশ্লিষ্ট ব্যাংকের পর্ষদ/নির্বাহী কমিটি/অডিট কমিটির সদস্য/কর্মকর্তা এবং অন্য কোন ব্যাংকের কোন কর্মকর্তা/পর্ষদ/ইসি সদস্য কোনোভাবেই SSC'র সদস্য হতে পারবেন না;-

ঙ. তিনি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পাওনা পরিশোধে এবং/অথবা ব্যক্তিগত ক্ষমতায় বা মালিক হিসেবে বা কোন অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার হিসেবে, পরিচালক বা সিইও বা একটি কোম্পানি বা বাংলাদেশের অন্য কোন কর্পোরেট সংস্থার প্রধান থাকা অবস্থায়, কর ও ঋণ/বিনিয়োগ খেলাপি নন;

চ. সরকার স্বীকৃত কোন ধর্মীয় প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক ধর্মীয় বিধি-বিধান সম্পর্কে ফতোয়া প্রদানে তাঁকে নিষেধ করা হয়নি;

ছ. SSC'র সদস্য থাকা অবস্থায় কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কোন প্রশাসনিক এবং/অথবা স্থায়ী পদে অধিষ্ঠিত হবেন না;

জ. SSC'র সদস্যদের নিম্নোক্ত প্রতিষ্ঠানের মালিকানার সাথে কোন প্রত্যক্ষ বা পরোক্ষ সংশ্লিষ্টতা বা স্বার্থ থাকবে না:

(i) যে ব্যাংকে তিনি SSC'র সদস্য হিসেবে নিযুক্ত,

(ii) সংশ্লিষ্ট ব্যাংক সম্পর্কিত প্রতিষ্ঠান,

(iii) স্টক এক্সচেঞ্জের সদস্য এবং

(iv) কর্পোরেট ব্রোকারেজ হাউসের সদস্য।

তাছাড়া, তিনি উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটিরও কর্মচারী হতে পারবেন না; এবং

ঝ. প্রত্যেক SSC'র সদস্য তাঁর কর্মস্থল, ব্যবসায়িক অবস্থা, ব্যবসা বা স্থানীয় ঠিকানা ইত্যাদি পরিবর্তনের বিষয়ে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের SSC'র সদস্য সচিবকে অবহিত করবেন ।

৫. **SSC'র গঠন, সদস্য নিয়োগ, মেয়াদ, সম্মানী, অবসায়ন, অপসারণ ও পদত্যাগ:**

ক. SSC'র সদস্য নিয়োগ ও অপসারণের ক্ষমতা ব্যাংকের পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকবে। তবে, পরিচালনা পর্ষদ এজিএম/ইজিএম-এ শেয়ারহোল্ডারদের অবহিত করবেন। পরিচালনা পর্ষদকে দেশের প্রচলিত আইন-কানুন, বিধি-বিধান অনুসরণ করতে হবে;

খ. পর্ষদ মনোনীত SSC'র সদস্য নিয়োগের পূর্বে বাংলাদেশ ব্যাংকের ইসলামী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (IBRPD) হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এরূপ পূর্বানুমোদন গ্রহণের নিমিত্ত ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের পূর্ণ জীবনবৃত্তান্ত এবং পর্ষদের অনুমোদনের অনুলিপি দাখিল করতে হবে;

গ. SSC'র সদস্য সংখ্যা হবে ০৩ (তিন) অথবা ০৫ (পাঁচ) জন; তবে, SSC প্রয়োজন অনুযায়ী ব্যবসা, অর্থনীতি, আইন, হিসাব বিজ্ঞান, তথ্য প্রযুক্তি ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ (Exrternal/Internal) মতামত গ্রহণ করতে পারবেন;

ঘ. একজন SSC'র সদস্য একই সাথে ০৩ (তিন) টির বেশি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সদস্য হতে পারবেন না;

ঙ. SSC'র সদস্যগণ সাধারণভাবে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য নিযুক্ত হবেন এবং মেয়াদ শেষে তাঁদের কর্মদক্ষতা ও অন্যান্য গুনাবলী পর্যালোচনাপূর্বক পর্ষদ পরবর্তী মেয়াদে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে এক বা একাধিক সদস্য পুনঃনিয়োগ করতে পারবেন। তবে, কোন ব্যক্তি একাদিক্রমে ০৬ (ছয়) বছর কোন ব্যাংক-কোম্পানীর SSC'র সদস্য পদে অধিষ্ঠিত থাকলে উক্ত মেয়াদ শেষ হওয়ার পর ০২ (দুই) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত তিনি উক্ত ব্যাংক-কোম্পানীর SSC'র সদস্য পদে পুনঃনিযুক্ত হওয়ার যোগ্য হবেন না। নতুন সদস্য নিয়োগের ক্ষেত্রে উপরোল্লিখিত নির্দেশনা পরিপালন করতে হবে এবং কোন সদস্যকে পুনঃনিয়োগ না করা হলে তার যথাযর্থতা পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণীতে উল্লেখ থাকতে হবে এবং বিষয়টি বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে;

চ. SSC'র সদস্যগণ প্রতি মাসে সম্মানী বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা (প্রযোজ্য কর কর্তন সাপেক্ষে) প্রাপ্য হবেন এবং প্রতিটি সভায় উপস্থিতির জন্য সম্মানী হিসেবে সর্বোচ্চ ৮,০০০/-(আট হাজার) টাকা (প্রযোজ্য কর কর্তন সাপেক্ষে) প্রাপ্য হবেন;

ছ. সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদ সংশ্লিষ্ট SSC'র সদস্য/সদস্যদেরকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে অপসারণ করতে পারবে;

জ. SSC'র সদস্যগণ নির্দিষ্ট কারণসহ নোটিশ প্রদানের মাধ্যমে সদস্য পদ হতে পদত্যাগ করতে পারবেন;

ঝ. SSC'র সকল সদস্য তাদের কার্য সম্পাদনে নিরপেক্ষ ও স্বাধীন হবেন। তবে, SSC'র যে কোন প্রশাসনিক বিষয় পর্ষদের নিকট প্রেরণ করবেন; এবং

ঞ. শরীয়াহ্ বিধি ও নীতিমালা, বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নির্দেশনা অনুযায়ী কর্ম সম্পাদনের পাশাপাশি নিয়োগপত্রের অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পরিপালন করবেন।

৬. **SSC'র চেয়ারম্যান ও সচিব নির্বাচন এবং শরীয়াহ্ সচিবালয় গঠন:**

ক. SSC'র সদস্যদের মধ্যে হতে পরিচালনা পর্ষদ কর্তৃক একজনকে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য চেয়ারম্যান নির্বাচিত করতে হবে। ব্যাংকের শরীয়াহ্ সচিবালয়ের প্রধান কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন তবে, তার কোন ভোটিং ক্ষমতা থাকবে না ;

খ. বিদ্যমান SSC সদস্যদের পুনঃনিয়োগের ক্ষেত্রে চেয়ারম্যান পদটি সর্বদাই আবর্তিত হবে। চেয়ারম্যান কোন সভায় উপস্থিত হতে না পারলে, উপস্থিত সদস্যদের মধ্য হতে একজন সভাপতিত্ব করবেন;

গ. ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক SSC সদস্যদের সাথে আলোচনার ভিত্তিতে Internal Shari'ah Audit and Review Department (ISARD), Internal Shari'ah Compliance Department (ISCD), Shari'ah Research Department (SRD)-সহ প্রয়োজনে অন্যান্য বিভাগ/ইউনিট গঠন করতে হবে। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত একটি লিখিত অপারেশন ম্যানুয়াল এবং কার্য-কাঠামো থাকবে যাতে ISARD, ISCD, SRD সহ অন্যান্য বিভাগ/ইউনিট এর দায়িত্ব কর্তব্য ও কর্তৃত্ব সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক উক্ত বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ/ইউনিট এর সমন্বয়ে শরীয়াহ্ সচিবালয় গঠন করতে হবে। শরীয়াহ্ সচিবালয় কর্তৃক SSC'র সভার এজেন্ডা, প্রস্তাবনা, রেকর্ডিং, কার্যবিবরণী এবং SSC কর্তৃক জারি করা শরীয়াহ্ মতামত/রায় বা ফতোয়া সংক্রান্ত যাবতীয় সহায়তা প্রদান করবেন। শরীয়াহ্ সচিবালয় SSC এবং ব্যাংক ব্যবস্থাপনার মধ্যে আন্তঃসম্পর্ক বজায় রাখবেন। উল্লেখ্য যে, শরীয়াহ্ সচিবালয়, ISARD, ISCD, SRD-সহ অন্যান্য বিভাগ/ইউনিট এর শরীয়াহ্ সংক্রান্ত কার্যক্রম SSC'র তত্ত্বাবধানে পরিচালিত হবে এবং তারা SSC'র নিকট এ বিষয়ে রিপোর্ট করবেন;

ঘ. সংশ্লিষ্ট ব্যাংকের ব্যাপ্তি ও আকারের সাথে সঙ্গতি রেখে ব্যাংকের শরীয়াহ্ সচিবালয়ের প্রধানের পদমর্যাদা নির্ধারিত হবে। তবে, পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকের ক্ষেত্রে এ পদমর্যাদা ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের অব্যবহিত ন্যূনতম ৪(চার) পদের মধ্যে এবং যে সকল প্রচলিত বাণিজ্যিক ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা ও উইন্ডো রয়েছে, সে সকল ব্যাংকের ক্ষেত্রে এ পদমর্যাদা ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালকের অব্যবহিত ন্যূনতম ৫ (পাঁচ) পদের মধ্যে রাখতে হবে। তবে, তাঁর কমপক্ষে ১০ (দশ) বছরের সরাসরি ইসলামী ব্যাংকিং অভিজ্ঞতা থাকতে হবে এবং

ঙ. শরীয়াহ্ সচিবালয়ে আবশ্যিকভাবে শরীয়াহ্ ও ইসলামী ব্যাংকিং এর উপর উচ্চতর ডিগ্রীধারী ও অভিজ্ঞতাসম্পন্ন পর্যাপ্ত সংখ্যক জনবল পদায়ন নিশ্চিত করতে হবে। SSC'র সদস্যগণসহ শরীয়াহ্ সচিবালয় সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উপর নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ৭. SSC'র দায়িত্ব ও কর্তব্য:

ক. সংশ্লিষ্ট ব্যাংকের সকল নীতি, বিধি-বিধান, কর্মপদ্ধতি, ম্যানুয়াল, চুক্তি, প্রোডাক্ট, সেবা এবং প্রচারণা সামগ্রী বা ব্যাংকের ব্যবসায়িক লেনদেনে ব্যবহৃত অন্যান্য আইনি এবং অপারেশনাল ডকুমেন্টস্ SSC কর্তৃক প্রত্যয়ণ করতে হবে (ইসলামী শাখা ও উইন্ডোধারীদের জন্য স্পেসিফিক হতে হবে);

খ. লাভ/ক্ষতি এবং ইনভেস্টমেন্ট অ্যাকাউন্ট হোল্ডারদের/আমানতকারীদের অনুকূলে প্রদেয় মুনাফা হিসাবায়ন পদ্ধতি SSC কর্তৃক তত্ত্বাবধান ও প্রত্যয়ণ করতে হবে;

গ. যাকাত হিসাবায়ন ও বন্টন প্রক্রিয়া SSC তত্ত্বাবধান করবেন। এছাড়া, Qard তহবিলের উৎস, তহবিল গঠন, ব্যবস্থাপনা, হিসাবায়ন ইত্যাদি পর্যালোচনাকরত: সে বিষয়ে মতামত প্রদান করতে হবে;

ঘ. নতুন আমানত ও বিনিয়োগ সুবিধা (product) চালু করার ক্ষেত্রে ব্যাংকটির নিজস্ব SSC'র ফতোয়া/বিধি/ঘোষণা, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শরীয়াহ্ গাইডলাইন্স/ঘোষণা/রেজল্যুশন এবং আন্তর্জাতিক সর্বোত্তম অনুশীলন যা দেশের অভ্যন্তরীণ আইন ও রীতিনীতি এবং বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নির্দেশনার পরিপন্থি নয় তা নিশ্চিত করবেন। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শরীয়াহ্ গাইডলাইন্স/ঘোষণা/রেজল্যুশন বহির্ভূত কোনো নতুন product চালু করার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

ঙ. শরীয়াহ্ সচিবালয় প্রত্যেক বছরের/অর্থ বছরের শুরুতে শরীয়াহ্ অডিট পরিকল্পনা প্রণয়ন করবেন। উক্ত অডিট পরিকল্পনা SSC কর্তৃক অনুমোদিত হবে। SSC উপরোক্ত অডিট পরিকল্পনার বাস্তবায়ন এবং অডিটে উত্থাপিত আপত্তির সারসংক্ষেপ নিয়মিত (কমপক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে) পর্যালোচনা করবেন। পর্যালোচনান্তে ব্যাংক ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। SSC প্রয়োজনে উত্থাপিত গুরুতর আপত্তির বিষয়ে পরিচালনা পর্ষদকে অবহিত করবেন;

চ. শরীয়াহ্ নন-কম্প্লায়েন্স আয়, সন্দেহজনক আয় ও সুদজনিত আয় হ্রাসের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ খাতে অর্জিত অর্থ আয় খাতে না নিয়ে যথাযথ প্রক্রিয়ায় নিষ্পত্তির উপায় নির্ধারণ এবং এই ধরণের আয়ের যথাযথ ব্যবহার নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করবেন;

ছ. ব্যাংকের কার্যক্রমে শরীয়াহ্ নন-কম্প্লায়েন্স চিহ্নিত হলে তা সংশোধন এবং ভবিষ্যতে একই/অনুরূপ সমস্যার পুনরাবৃত্তি না হওয়ার বিষয়ে SSC প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। SSC'র পরামর্শ মোতাবেক ব্যাংক তাৎক্ষণিক সংশোধনমূলক/ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবে;

জ. শরীয়াহ্ সংক্রান্ত বিষয়ে SSC'র সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে। পরিচালনা পর্ষদ/ব্যাংক ব্যবস্থাপনা উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে বাধ্য থাকবেন;

ঝ. শরীয়াহ্ নন-কম্প্লায়েন্স পুনরাবৃত্তি হলে SSC তা ব্যাংকের পরিচালনা পর্ষদকে অবহিতকরত: প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করবেন। তথাপিও যদি উল্লিখিত শরীয়াহ্ নন-কম্প্লায়েন্স/অনিয়ম চলমান থাকে, সেক্ষেত্রে SSC বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবেন এবং ব্যাংকের বাৎসরিক শরীয়াহ্ নন-কম্প্লায়েন্স প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঞ. SSC এবং সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, নির্বাহী কমিটি, অডিট কমিটি অথবা পর্ষদ এর মধ্যে শরীয়াহ্ সংক্রান্ত বিষয়ে মতবিরোধ দেখা দিলে SSC বিষয়টি সম্পর্কে বাংলাদেশ ব্যাংককে অবহিত করবেন;

ট. যে সকল কনভেনশনাল ব্যাংক ইসলামী ব্যাংকিং সেবা প্রদান করছে তাদের SSC'র প্রতিবেদনে বিদ্যমান শাখা/উইন্ডোসমূহ কনভেনশনাল ব্যাংকি এর তহবিল এবং ইসলামী ব্যাংকিং এর তহবিল আলাদাভাবে সংরক্ষণ করার বিষয়টি নিশ্চিত করবেন;

ঠ. SSC'র চাহিদা মোতাবেক তথ্য প্রদানে ব্যাংক বাধ্য থাকবেন। তাছাড়া, সংশ্লিষ্ট ব্যাংকের যে কোন রেকর্ড, লেনদেন এবং তথ্যে SSC'র এক্সেস থাকবে;

ড. SSC সংশ্লিষ্ট ব্যাংকের স্টেকহোল্ডারদের প্রতিনিধিত্বমূলক অংশের জন্য ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উপর প্রশিক্ষণ এবং/অথবা ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন;

ঢ. SSC'র সদস্যগণ ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উপর বছরে অন্তত ০২ (দুই)টি প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণ করবেন; এবং

ণ. সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ দ্বারা যথাযথভাবে অনুমোদিত পৃথক অভ্যন্তরীণ বাই-লজ (Bye Laws) দ্বারা SSC'র কার্যক্রম সম্পাদিত হবে।

## ৮. শরীয়াহ্ সুপারভাইজরি কমিটি (SSC) সভা :

ক. SSC কমপক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে (বছরে সর্বোচ্চ ছয়টি) সভা করবেন;

খ. শরীয়াহ্ সম্পর্কিত বিষয়ে ব্যাংকের জরুরী/আবশ্যকীয় পরামর্শ/মতামতের প্রয়োজনে SSC অতিরিক্ত সভা করতে পারবেন;

গ. ব্যাংকের সার্বিক অবস্থা পর্ষদকে অবহিত করার উদ্দেশ্যে বছরে অন্তত ২ (দুই) বার (প্রতি ছয় মাসে একবার) পরিচালনা পর্ষদের সাথে (নিয়মিত বৈঠকের বাইরে) সভার ব্যবস্থা করবেন;

ঘ. SSC'র সভার জন্য কোরাম (অন্তত দুই-তৃতীয়াংশ SSC সদস্য) বজায় রাখবেন;

ঙ. আবশ্যকতা দেখা দিলে সুনির্দিষ্ট বিষয়ে মতামতের জন্য বিশেষজ্ঞ/পেশাদারদের আমন্ত্রণ জানাতে পারবেন। আমন্ত্রিত অতিথির কোন ভোটাধিকার থাকবে না। এতদ্ব্যতীত, SSC প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের ইসলামী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের পরামর্শ গ্রহণ করবেন। তবে, এতদ্সংক্রান্ত বিষয়ে অন্য কোনো প্রতিষ্ঠান/বোর্ড এর নিকট হতে ফতোয়া গ্রহণ করা যাবে না। এতদুদ্দেশ্যে অনুরূপ কোনো প্রতিষ্ঠান/বোর্ড এর সাথে কোনো আর্থিক সংশ্লেষ রাখা যাবে না।

চ. SSC'র প্রত্যেক সদস্যকে বছরে অনুষ্ঠিত মোট সভার কমপক্ষে ৭৫ শতাংশ সভায় উপস্থিত থাকতে হবে এবং তাঁর পক্ষে সভায় যোগ দেয়ার জন্য অন্য কোনও ব্যক্তিকে মনোনীত করতে পারবেন না; এবং

ছ. যৌক্তিক কারণে কোন সদস্য/চেয়ারম্যান সভায় উপস্থিত হতে না পারলে বিষয়টি SSC'র সচিবকে অবহিত করতে হবে। যদি কোন সদস্য/চেয়ারম্যান একাদিক্রমে ০৩ (তিন)টি সভায় অননুমোদিতভাবে অনুপস্থিত থাকেন, তাঁর পদটি শূণ্য মর্মে বিবেচিত হবে।

## ৯. SSC'র সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ও কার্যবিবরণী :

ক. SSC'র সদস্যগণ তাঁদের নিজস্ব জ্ঞান, প্রজ্ঞা, মেধা, অভিজ্ঞতা এবং বিচার বিশ্লেষণের মাধ্যমে শরীয়াহ্ বিধি ও নীতিমালার আলোকে সিদ্ধান্ত গ্রহণ ও ব্যাখ্যা প্রদান করবেন। সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে। মতানৈক্যের ক্ষেত্রে, মতবিরোধের বিষয়টি অবশ্যই কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে। তাছাড়া সভায় প্রদত্ত প্রত্যেক সদস্যের মতামত কার্যবিবরণীতে লিপিবদ্ধ থাকতে হবে;

খ. সভার কার্যবিবরণীতে গৃহীত সকল সিদ্ধান্ত এবং/অথবা জারি করা ফতোয়া এবং বিশদ যুক্তি (ফিক্হ বা অন্যান্য) এবং মতপার্থক্য বা ভিন্নমতের নোট (যদি থাকে) যথাযথভাবে বিবৃত হওয়ার বিষয়টি SSC-কে অবশ্যই নিশ্চিত করতে হবে;

গ. SSC'র সভার কার্যবিবরণী চেয়ারম্যান এবং সচিব স্বাক্ষর করবেন। সভার কার্যবিবরণী প্রতিটি সভা সংঘটনের ১৫ দিনের মধ্যে ব্যাংকের পরিচালনা পর্ষদ এবং বাংলাদেশ ব্যাংকের IBRPD -তে দাখিল করতে হবে; এবং

ঘ. ভবিষ্যত রেফারেন্সের জন্য সকল কার্যবিবরণী শরীয়াহ্ সচিবালয় কর্তৃক সংরক্ষণ করতে হবে। চাহিদার ভিত্তিতে এটি অভ্যন্তরীণ নিরীক্ষক, বহি:নিরীক্ষক এবং নিয়ন্ত্রকদের কাছে প্রেরণ করা যাবে।

## ১০. শরীয়াহ্ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত:

গ্রাহকগণের নিকট আমানত ও বিনিয়োগ সুবিধা সংক্রান্ত অফার পরবর্তী লেনদেন সম্পাদিত হওয়ার ক্ষেত্রে শরীয়াহ্ গর্ভন্যান্স বা অনুশাসন যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি-না সে বিষয়টি যাচাইপূর্বক অভ্যন্তরীণ শরীয়াহ্ অডিট/পর্যালোচনা বিভাগ কর্তৃক SSC'র নিকট প্রতিবেদন দাখিল করবেন।

## ১১. বার্ষিক শরীয়াহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন :

ক. SSC-কে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের নিকট বার্ষিক শরীয়াহ্ কম্প্লায়েন্স প্রতিবেদন দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ শেষে গৃহীত পদক্ষেপসহ প্রতি বছর/অর্থবছর অতিক্রমের ০২ (দুই) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের IBRPD-তে প্রেরণ করবেন এবং পরবর্তীতে শেয়ারহোল্ডারগণকে অবহিত করবেন;

খ. প্রতিটি শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক (পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংক/ যে সকল প্রচলিত বাণিজ্যিক ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা ও উইন্ডো রয়েছে)-কে আবশ্যিকভাবে তাদের ওয়েবসাইটে বার্ষিক শরীয়াহ্ কমপ্লায়েন্স প্রতিবেদন প্রকাশ করতে হবে। বার্ষিক শরীয়াহ্ কমপ্লায়েন্স প্রতিবেদনে অন্ততপক্ষে SSC কর্তৃক জারি করা শরীয়াহ্ ঘোষণা/রেজল্যুশন অন্তর্ভুক্ত করতে হবে যেন SSC'র সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াটি স্পষ্ট হয়; এবং

গ. ব্যাংক জরুরী প্রয়োজনে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে যে কোন ঘটনার প্রেক্ষাপটে শরীয়াহ্ অনুশাসনের বিষয়ে স্বাধীন ও নিরপেক্ষ তৃতীয় পক্ষের মাধ্যমে ফ্যাক্ট-ফাইন্ডিং রিপোর্ট প্রস্তুত করাতে পারবেন এবং সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপের জন্য ব্যাংকের পর্ষদের নিকট ফ্যাক্ট-ফাইন্ডিং রিপোর্ট দাখিল করবেন।

**১২. SSC'র সদস্যদের কর্মদক্ষতা মূল্যায়ন:**

ক. SSC কর্তৃক প্রস্তুতকৃত ও পর্ষদ কর্তৃক অনুমোদিত নির্দেশিকা মোতাবেক SSC'র চেয়ারম্যান কর্তৃক অন্যান্য সদস্যগণের কর্মদক্ষতা মূল্যায়ন করবেন এবং SSC'র অন্য সদস্যরা পৃথকভাবে চেয়ারম্যানের কর্মদক্ষতা মূল্যায়ন করবেন। এ প্রক্রিয়া প্রতি বছর/অর্থবছর শেষে পরবর্তী ২(দুই) মাসের মধ্যে সম্পন্ন করে পরিচালনা পর্ষদের নিকট দাখিল করতে হবে। মূল্যায়ন প্রক্রিয়াটি হবে SSC'র জবাবদিহিতার সাথে সম্পর্কিত ও স্বচ্ছ; এবং

খ. কর্মদক্ষতা মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর পরিচালনা পর্ষদ তা যথাযথভাবে যাচাই বাছাই করবেন। কর্মদক্ষতা মূল্যায়নের উপর ভিত্তি করে পরিচালনা পর্ষদ কোন নির্দিষ্ট SSC সদস্য/সদস্যগণের পুনঃনিয়োগ দেয়া/না দেয়া বা চুক্তি বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**১৩. SSC কর্তৃক গোপনীয়তা সংরক্ষণ :**

ক. কোন একটি ব্যাংকের SSC'র সদস্য হিসেবে দায়িত্বরত অবস্থায় বা দায়িত্ব থেকে অব্যাহতির পরও ফতোয়া বা নির্দেশনা প্রদানের লক্ষ্যে তাঁর দ্বারা সংগৃহীত ব্যাংকের বিভিন্ন তথ্য গোপন রাখতে হবে;

খ. SSC'র সদস্যদের দ্বারা প্রাপ্ত যেকোন গোপনীয় বা সংবেদনশীল তথ্য যা ব্যাংকের জন্য ক্ষতিকর হতে পারে বা ব্যাংকের প্রতিযোগীদের প্রতিযোগিতামূলক সুবিধা দিতে পারে সে সকল তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে; এবং

গ. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের সময় গোপনীয়তা বজায় রাখা হবে এ মর্মে একটি লিখিত প্রতিশ্রুতি (পরিশিষ্ট-খ) যা তাঁদের নিয়োগ চুক্তিতে উল্লেখ থাকতে হবে।

১৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

১৫. এ নির্দেশনা ০১ জানুয়ারী ২০২৬ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহাম্মদ আনিছুর রহমান)
পরিচালক (আইবিআরপিডি)
ফোন: ৯৫৩০৩৩৫

পরিশিষ্ট-ক

## ঘোষণাপত্র

১) আমি এতদ্দ্বারা ঘোষণা করছি যে- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জারিকৃত আইবিআরপিডি সার্কুলার নং-০১ এ বর্ণিত বিধান অনুযায়ী আমি ব্যাংক-কোম্পানীর SSC'র সদস্য হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য। আমি আরও ঘোষণা করছি যে-

ক. আমি কোন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত নই কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই এবং কোন প্রকার নৈতিক স্খলনে জড়িত নই;

খ. আমি নিয়ন্ত্রক সংস্থার কোন আদেশ, উপদেশ বা নির্দেশনা (যা শরীয়াহ্ এর সাথে সাংঘর্ষিক নয়) লঙ্ঘন করিনি;

গ. আমি ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অধীনে প্রতিষ্ঠিত কোন ব্যাংক, ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩ এর অধীনে প্রতিষ্ঠিত কোন আর্থিক প্রতিষ্ঠান বা বীমা কোম্পানী অথবা উক্তরূপ কোম্পানীসমূহের নিয়ন্ত্রিত কোন প্রতিষ্ঠানের পরিচালক নই বা উক্ত প্রতিষ্ঠানসমূহের কোন লাভজনক পদে নিযুক্ত নই;

ঘ. সংশ্লিষ্ট ব্যাংকে আমার কোন ব্যবসায়িক স্বার্থ জড়িত নেই ও সংশ্লিষ্ট ব্যাংকের কোন পরিচালকের মালিকানাধীন বা স্বার্থ সংশ্লিষ্ট বা নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের সাথে আমার কোন সংশ্লিষ্টতা নেই এবং উক্ত ব্যাংক বা কোম্পানীসমূহের পরিচালনা পর্ষদে আমার পরিবারের কোন সদস্য অন্তর্ভূক্ত নেই;

ঙ. আমি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পাওনা পরিশোধে এবং/অথবা ব্যক্তিগত ক্ষমতায় বা মালিক হিসেবে বা কোন অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার হিসেবে, পরিচালক বা সিইও বা একটি কোম্পানি বা বাংলাদেশের অন্য কোন কর্পোরেট সংস্থার প্রধান থাকা অবস্থায়, কর ও ঋণ/বিনিয়োগ খেলাপি নই;

চ. সরকার স্বীকৃত কোন ধর্মীয় প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক ধর্মীয় বিধি-বিধান সম্পর্কে ফতোয়া প্রদানে আমাকে নিষেধ করা হয়নি;

ছ. আমি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কোন প্রশাসনিক এবং/অথবা স্থায়ী পদে অধিষ্ঠিত নই;

জ. নিম্নোক্ত প্রতিষ্ঠানের মালিকানার সাথে আমার কোন প্রত্যক্ষ বা পরোক্ষ সংশ্লিষ্টতা বা স্বার্থ নেই:

(i) যে ব্যাংকে আমি SSC'র সদস্য হিসেবে নিযুক্ত,
(ii) সংশ্লিষ্ট ব্যাংক সম্পর্কিত প্রতিষ্ঠান,
(iii) স্টক এক্সচেঞ্জের সদস্য এবং
(iv) কর্পোরেট ব্রোকারেজ হাউসের সদস্য।

তাছাড়া, আমি উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে একটিরও কর্মচারী নই; এবং

ঝ. আমার কর্মস্থল, ব্যবসায়িক অবস্থা, ব্যবসা বা স্থানীয় ঠিকানা ইত্যাদি পরিবর্তনের বিষয়ে তাৎক্ষণিকভাবে আমি ব্যাংকের SSC'র সদস্য সচিবকে অবহিত করবো ।

২. আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমাকে ----------------ব্যাংক পিএলসি এর SSC'র সদস্য হিসেবে নিয়োগ করা হলে আমি এ দায়িত্ব পালনে সম্মত আছি।

স্বাক্ষর :

তারিখ ও নাম :

সাক্ষী (ব্যাংক কর্মকর্তা) :

১. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

২. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা

পরিশিষ্ট-খ

## গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র

আমি, নিম্ন স্বাক্ষরকারী এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, ------------------ ব্যাংক পিএলসি এর SSC'র সদস্য হিসেবে নিযুক্ত হলে, SSC'র সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত কোনো বিষয় অথবা SSC'র সদস্য হিসেবে আমার গোচরীভূত কোনো বিষয় প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে, আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবলমাত্র তা প্রকাশ করবো।

স্বাক্ষর :

তারিখ ও নাম :

সাক্ষী (ব্যাংক কর্মকর্তা) :

১)

স্বাক্ষর :

নাম :

পদবী :

ঠিকানা :

২)

স্বাক্ষর :

নাম :

পদবী :

ঠিকানা :